

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৭৫

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৪  
প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ৩ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘মিড-ডে-মিলে আটকে আছে পাচকের বেতন’ শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি বিদ্যালয় শিক্ষা দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। দপ্তর থেকে প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, কুক-কাম-হেল্পার এর বেতন আগস্ট মাস থেকে বন্ধ রয়েছে বলে যা বলা হয়েছে তা সত্য নয়। দপ্তর আগস্ট এবং সেপ্টেম্বরের বেতন ইতিমধ্যেই মণ্ডুর করেছে। তাছাড়া পোষণ প্রকল্পে ২০২৪-এর জুলাই পর্যন্ত পণ্য সামগ্রীর খরচ দেওয়া হয়েছে এবং আগস্ট-সেপ্টেম্বরের খরচও শীঘ্রই দেওয়া হবে, কেননা বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। ভারত সরকারের এই ফ্ল্যাগশিপ প্রকল্পটি বাস্তবায়নে বিদ্যালয় শিক্ষা দপ্তর অঙ্গীকারবদ্ধ।

\*\*\*\*\*